

সখী, বলো দেখি লো,
নিরদয় লাজ তোর টুটিবে কি লো ।
চেয়ে আছি, ললনা—
মুখানি তুলিবি কি লো,
ঘোমটা খুলিবি কি লো,
আধফোটা অধরে হাসি ফুটিবে কি লো ॥
শরমের মেঘে ঢাকা বিধুমুখানি—
মেঘ টুটে জোছনা ফুটে উঠিবে কি লো ।
তৃষিত আঁখির আশা পূরাবি কি লো—
তবে ঘোমটা খোলো, মুখটি তোলো, আঁখি মেলো লো ॥

Parjaay: Prem, Taal: Kaharwa, Raag: Mishra Behaag
Visit www.geetabitan.com for notation and other detail